দৈনিক ইত্তেফাক

1-3 MAY 2008
৭ সোম ২

# শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের দুর্নীতির সন্ধানে নামছে দুদক

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের দুর্নীতির সন্ধানে বিশেষ টাস্কফোর্স গঠন করেছে দু[র্নীতি] দমন কমিশন (দুদক)। শীঘ্রই এই বিশেষ টাস্কফোর্স মাঠে নামছে। দুদকের মহাপরিচালক ক[...] হানিফ ইকবাল এ তথ্য জানিয়ে বলেন, বিভিন্ন প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক দুর্নীতির অনুস[ন্ধান] কার্যক্রমের অংশ হিসাবে শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্র[...] দুর্নীতির তদন্ত করার লক্ষ্যে দুদকের উপ-পরিচালক সৈয়দ ইকবাল হোসেনকে (৪র্থ পৃঃ ১-এর কঃ

## শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা

(প্রথম পৃঃ পর)

প্রধান করে চার সদস্যের এই বিশেষ দল গঠন করা হয়েছে। বিশেষ দলে সদস্য হিসাবে রয়েছেন সহকারী পরিচালক এস এম মনজুর আহমেদ, উপ-সহকারী পরিচালক মো. জাহাঙ্গীর আলম ও সহকারী পরিদর্শক মো. আতাউল হক।

বিশেষ দলটি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তিকরণে দুর্নীতি, ভর্তি প্রক্রিয়ায় দুর্নীতি ও বিভিন্ন প্রকার আর্থিক অনিয়ম বিষয়ে তদন্ত করবে। এই দলকে প্রাত্যহিক ভিত্তিতে সহায়তা প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়, বিভাগ, দপ্তরকে একজন কর্মকর্তাকে লিয়াজো অফিসার হিসাবে নিয়োগ দেয়ার অনুরোধ করা হয়। এছাড়া অনুসন্ধান সংশ্লিষ্ট সকল কার্জে সহযোগিতা, লজিস্টিক সাপোর্ট এবং দলিলাদি সরবরাহ করার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদানের আদেশ দানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সচিবকে অনুরোধ করা হয়েছে।

এর আগে একইভাবে ঢাকা সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতাল ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দুর্নীতির খোঁজে দুদক বিশেষ দল গঠন করেছে। দলগুলো দুর্নীতির